

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.১৫.৬৩২.১৭

তারিখ:

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুল মান্নান, গাড়িচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, যশোর-এর বিরুদ্ধে তার কর্তৃক তালুক প্রদত্ত স্ত্রী মোছাঃ রেহেনা খাতুন বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, মাগুরায় এনটিসি মামলা নং ১১৪/২০১৮ দায়ের করেন। উক্ত মামলায় জনাব মোঃ আব্দুল মান্নান হাজিরা দিতে উপস্থিত হলে বিজ্ঞ আদালত তাকে জামিন না দিয়ে জেল হাজতে প্রেরণ করেন এবং তিনি গত ০৯/০৫/২০১৮ তারিখ হতে ২২/০৫/২০১৮ তারিখ পর্যন্ত জেল হাজতে অন্তরীণ ছিলেন; এবং

যেহেতু, উপর্যুক্ত কারণে বিএসআর (পার্ট-১) রুল ৭৩ এবং দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৪৫(১) বিধি অনুযায়ী তাকে চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা যুক্তিযুক্ত ও অপরিহার্য হয়ে পড়েছে;

সেহেতু, জনাব মোঃ আব্দুল মান্নান, গাড়িচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, যশোর-কে গত ০৯/০৫/২০১৮ তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

তার বিরুদ্ধে উক্ত মামলার পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত তিনি সাময়িক বরখাস্ত থাকাকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৪৫(১) বিধি অনুযায়ী খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

স্বাক্ষরিত/
ইকবাল মাহমুদ
চেয়ারম্যান


স্মারক নং ০৪.০১.০০০০.১০৪.১৫.৬৩২.১৭

৪৫২৮ (২৫)

তারিখ: ১০/০৫/১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, খুলনা।
৩. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৪. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনারের সানুগ্রহ অবগতির জন্য)।
৫. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (দুর্নীতি দমন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, যশোর।
৮. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, যশোর।
১০. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. জনাব মোঃ আব্দুল মান্নান, গাড়িচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, যশোর।
১২. গার্ড নথি/ব্যক্তিগত নথি/অফিস কপি।


জালাল সাইফুর রহমান
পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)
টেলিফোন: ০২-৯৩৫২১১৫
e-mail: d.admin@acc.org.bd